

বরাবর

জেলা সমবায় অফিসার
কিশোরগঞ্জ।

বিষয় : রানীর বাজার মাইশা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেড, ঠৈরব, কিশোরগঞ্জ এর ২০২১-২০২২ সনের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা প্রসংগে।


সূত্র : জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ৩৬৫, তারিখ: ২৬/০৪/২০২৩ খ্রি. মূলে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, রানীর বাজার মাইশা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেড, (নিবন্ধন নং ১০৮, তারিখ: ১৩/০৫/২০১৮) এর ২০২১-২০২২ খ্রিঃ সনের নিরীক্ষা প্রতিবেদনের পরিলক্ষিত ত্রুটি সমূহের জবাব নিম্নোক্তভাবে মহোদয় বরাবর দাখিল করা হলো।

মন্তব্য নং	বিষয়বস্তু	ত্রুটিসমূহ	ত্রুটি সমূহের জবাব
০১	ব্যাংক হিসাব	সমিতির নামে ব্যাংক হিসাব আছে কিনা এ বিষয়ে অডিট অফিসার কোন মন্তব্য করেননি।	ভুল বশত: সমিতির নামে ব্যাংক হিসাব আছে কিনা এ সংক্রান্ত মন্তব্য করা হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে সতর্কতার সহিত মন্তব্য প্রদান করা হবে।
০২	আমানত সুরক্ষা	সমবায় সমিতি আইন ২০০১(সংশোধনী ২০০২ ও ২০১৩) এর ২৬(খ)(১) ধারা মোতাবেক সমিতিটি আমানত সুরক্ষা তহবিল গঠন করেছে কিনা এ বিষয়ে অডিট অফিসার কোন মন্তব্য করেননি।	ভুল বশত: সমবায় সমিতি আইন ২০০১(সংশোধনী ২০০২ ও ২০১৩) এর ২৬(খ)(১) ধারা মোতাবেক সমিতিটি আমানত সুরক্ষা তহবিল গঠন করেছে কিনা এ বিষয়ে মন্তব্য প্রদান করা হয়নি। পরবর্তীতে এ সংক্রান্ত বিষয়ে অধিকতর সতর্কতার সহিত আমানত সুরক্ষা তহবিল গঠনের বিষয়ে মন্তব্য প্রদান করা হবে।
০৩	নির্বাচন	২৫/০৫/২০২২ খ্রি: তারিখে সমিতিতে অনুষ্ঠিত নির্বাচনের রেকর্ডপত্র সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ১৯(২) এবং ৩৪(৫) বিধি মোতাবেক নিবন্ধকের নিকট দাখিল করা হয়েছে কিনা এ বিষয়ে অডিট অফিসার কোন মন্তব্য করেননি।	২৫/০৫/২০২২ খ্রি: তারিখে সমিতিতে অনুষ্ঠিত নির্বাচন সংক্রান্ত মন্তব্য প্রদান করা হয়েছে। তবে ভুল বশত: ২৫/০৫/২০২২ খ্রি: তারিখে সমিতিতে অনুষ্ঠিত নির্বাচনের রেকর্ডপত্র সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ১৯(২) এবং ৩৪(৫) বিধি মোতাবেক নিবন্ধকের নিকট দাখিল করা হয়েছে কিনা এ বিষয়ে মন্তব্য প্রদান করা হয়নি। ভবিষ্যতে এ সংক্রান্ত বিষয়ে সতর্কতার সহিত মন্তব্য প্রদান করা হবে।
০৪	বার্ষিক সাধারণ সভা	সমিতিতে বার্ষিক সাধারণ সভা নিয়মিত হচ্ছে কিনা এ বিষয়ে অডিট অফিসার কোন মন্তব্য করেননি।	বার্ষিক সাধারণ অনুষ্ঠানের বিষয়ে মন্তব্য প্রদান করা হয়েছে। তবে ভুলবশত: সমিতিতে বার্ষিক সাধারণ সভা নিয়মিত হচ্ছে কিনা এ বিষয়ে মন্তব্য করা হয়নি। তবে ভবিষ্যতে এ সংক্রান্ত বিষয়ে সতর্কতার সহিত মন্তব্য প্রদান করা হবে।
০৫	আর্থিক লেনদেন	সমিতির ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও আর্থিক লেনদেন মিতব্যয়িত ও দক্ষতার সাথে সম্পাদন হয়েছে কিনা এ বিষয়ে অডিট অফিসার কোন মন্তব্য করেননি।	ভুল বশত: সমিতির ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও আর্থিক লেনদেন মিতব্যয়িত ও দক্ষতার সাথে সম্পাদন হয়েছে কিনা এ বিষয়ে মন্তব্য করা হয়নি। ভবিষ্যতে এ সংক্রান্ত বিষয়ে সতর্কতার সহিত মন্তব্য প্রদান করা হবে।

এমতাবস্থায় উপরোল্লিখিত ২০২১-২০২২ খ্রিঃ সনের নিরীক্ষা প্রতিবেদনের পরিলক্ষিত ত্রুটি সমূহের জবাব গ্রহণের জন্য মহোদয়কে সর্বিনয় অনুরোধ করছি।

আপনার অনুগত


২০/০৫/২০২৩

(মো: আব্দুল হাই)

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়

ঠৈরব, কিশোরগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুপিলি প্রেরণ করা হলো:

১। উপজেলা সমবায় অফিসার, ঠৈরব, কিশোরগঞ্জ।

২। অফিস নথি: